

# আর্কাইভস বিষয়ে

## সর্বজনীন

## ঘোষণা



United Nations  
Educational, Scientific and  
Cultural Organization

Declaration adopted  
by the 36th session of  
the General Conference  
of UNESCO



International Council on archives  
Council International des archives

আর্কাইভস সিদ্ধান্ত, কাজ ও স্মৃতিকে ধারণ করে। আর্কাইভস একটি অনন্য এবং অপ্রতিকল্পনীয় ঐতিহ্য, যা প্রজন্ম থেকে প্রজন্মান্তরে বহমান থাকে। আর্কাইভস সৃষ্টিগত থেকে পরিচালিত হয় তার মূল্যবোধ ও মান সংরক্ষণের মাধ্যমে। তারা তথ্যের বিশ্বাসযোগ্য উৎস, যা প্রশাসনিক কর্মকাণ্ডের জবাবদিহি ও স্বচ্ছতার ভিত্তি নির্মাণ করে। তারা ব্যক্তি ও গোষ্ঠীর স্মৃতি রক্ষা ও সহায়তার মাধ্যমে সমাজ-উন্নয়নে প্রয়োজনীয় ভূমিকা রাখে। আর্কাইভসে উন্মুক্ত প্রবেশাধিকার মানবসমাজ সম্পর্কে আমাদের জ্ঞান সমৃদ্ধ করে, গণতন্ত্রকে সচল রাখে, নাগরিকের অধিকার সুরক্ষা করে এবং জীবনযাত্রার মান বৃদ্ধি করে।

### এই অর্থে, আমরা স্বীকৃতি দিই

- আর্কাইভসের অনন্য বৈশিষ্ট্যকে, যেখানে প্রশাসনিক, সাংস্কৃতিক ও বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ডের যথার্থতার প্রমাণ এবং সমাজ বিবর্তনের প্রতিফলন পাওয়া যায়।
- আর্কাইভসের অপরিহার্য আবশ্যিকতাকে, যা পেশার উৎকর্ষ, জবাবদিহি ও স্বচ্ছতা, নাগরিকের অধিকার সুরক্ষা, ব্যক্তিগত ও সমষ্টিগত স্মৃতি নিরূপণ, অতীতকে উপলব্ধি এবং ভবিষ্যৎ কর্মকাণ্ড পরিচালনার জন্য বর্তমানকে লিপিবদ্ধ করায় সহায়তা করে।
- মানুষের প্রতিটি কর্মকাণ্ডের ধারক হিসেবে আর্কাইভসের বৈচিত্র্যকে।
- অবয়বের বহুমাত্রিকতায়, যাতে নথি সৃষ্টি হয়, যেমন—কাগজ, ইলেকট্রনিক, দৃষ্টি ও শ্রবণসহায়ক এবং অন্যান্য মাধ্যমে।
- প্রাথমিক এবং ক্রমবর্ধমান জ্ঞান দ্বারা প্রশিক্ষিত পেশাজীবী হিসেবে আর্কাইভসদের ভূমিকাকে, যে তাঁদের সমাজকে নথি সৃষ্টিতে সহযোগিতা করে এবং এই নথিগুলো বাছাই, রক্ষণাবেক্ষণ এবং সহজলভ্য করে।
- আর্কাইভস-ব্যবস্থাপনায় সবার—নাগরিক, জনপ্রশাসক ও নীতিনির্ধারক, সরকারি বা ব্যক্তিগত আর্কাইভসের মালিক বা ধারক এবং আর্কাইভস ও তথ্য বিশেষজ্ঞ—সম্মিলিত দায়িত্বকে।

### তাই আমরা একত্রে কাজ করার অঙ্গীকার করছি এ জন্য যে

- জাতীয় আর্কাইভসের কর্মসূচি ও আইন যথাযথভাবে গৃহীত ও কার্যকর হয়;
- সব দল, ব্যক্তিগত বা সরকারি, যারা তাদের কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আর্কাইভস সৃষ্টি ও ব্যবহার করে, তারা আর্কাইভসের ব্যবস্থাপনাকে দক্ষতার সঙ্গে মূল্যায়ন ও বাস্তবায়ন করবে;
- আর্কাইভসের যথাযথ ব্যবস্থাপনায় সহায়তার জন্য প্রশিক্ষিত পেশাজীবীদের নিয়োগসহ পর্যাপ্ত সম্পদ বরাদ্দ করা হয়;
- এমনভাবে আর্কাইভস পরিচালনা ও সংরক্ষণ করতে হবে, যা এর সত্যতা, বিশ্বাসযোগ্যতা, শুদ্ধতা এবং প্রয়োগ নিশ্চিত করে।
- সংশ্লিষ্ট আইন এবং ব্যক্তি, সূচনাকারী, মালিক ও ব্যবহারকারীর অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হলে সবার জন্য আর্কাইভস উন্মুক্ত রাখা যায়।
- দায়িত্বশীল নাগরিক সৃষ্টিতে ভূমিকা রাখার জন্য আর্কাইভসকে ব্যবহার করা যায়।

২০১০ সালের সেপ্টেম্বরে অসলোতে অনুষ্ঠিত আন্তর্জাতিক কাউন্সিল অন আর্কাইভসের সাধারণ সভায় গৃহীত। ২০১১ সালের নভেম্বরে প্যারিসে ইউনেস্কোর সাধারণ সভার ৩৬তম অধিবেশনে সমর্থিত।

জিনিসাবশীচরন: নথুরেবধুনিজারগানম কোচিপুরিমাচাঁদ: জিনিসানপ্রেব্রা